

এবার এইচএসসিতে পরীক্ষার্থী বেড়েছে সাড়ে ৫৯ হাজার

যুগান্তর রিপোর্ট

আগামী ২৯ মে শুরু হচ্ছে ২০০৮ সালের এইচএসসি পরীক্ষা। সারাদেশে সাতটি শিক্ষা বোর্ডের অধীনে নেয়া হবে এ পরীক্ষা। একই সঙ্গে মাদ্রাসা বোর্ডের অধীনে আলিম এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষাও নেয়া হবে। এবার এইচএসসি পরীক্ষার্থী গড়বারের চেয়ে ৫৯ হাজার জন বেশি। সাতটি বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৪ লাখ ৯৯ হাজার। গত বছর শিক্ষার্থী ছিল ৪ লাখ ৪০ হাজার ২৪৮ জন।

এইচএসসিতে পরীক্ষার্থী বাড়লেও মাদ্রাসা বোর্ডের আলিমে এ সংখ্যা হ্রাস পাবে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, এবার আলিমে পরীক্ষার্থী সব মিলিয়ে প্রায় ৫২ হাজার। গত বছর ছিল ৫২ হাজার ৩৪ জন। বৃদ্ধির পর্ত কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষার্থী সংক্রান্ত কোন তথ্য শিক্ষা মন্ত্রণালয়ে পৌঁছেনি। সংশ্লিষ্টরা জানিয়েছেন, এ বোর্ডটি সবসময় তথ্যের ব্যাপারে পিছিয়ে থাকে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, বৃদ্ধির পর্ত আউটরিচিং বোর্ড কম্পিউটার সেক্টর পাওয়া তথ্য অনুযায়ী এবার আটটি বোর্ডে এইচএসসি ও আলিম পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৫ লাখ ৫২ হাজার। গত বছর কারিগরি বোর্ডের পরীক্ষায় অংশ নেয় ৪৯ হাজার ৫৩৪ জন। সে হিসাবে এবার এ সংখ্যা প্রায় ৬ লাখ দাঁড়াবে বলে জানান সংশ্লিষ্টরা। ২০০৭ সালে নয়টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি ও সমমানের পরীক্ষার্থী ছিল ৫ লাখ ৪১ হাজার ৮১৬ জন। ২০০৬ সালে এইচএসসি ও সমমানের পরীক্ষার্থী ছিল মোট ৫ লাখ ১০ হাজার ২৮১ জন।

ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক নবিরুল ইসলাম যুগান্তরকে জানান, পরীক্ষার্থী সংখ্যা এখনও চূড়ান্ত হয়নি। একই সঙ্গে এসএসসি পরীক্ষার কাজের কারণে কিছুটা বিলম্ব হয়েছে। তবে দু'একদিনের মধ্যে পূর্ণাঙ্গ তথ্য পাওয়া যাবে। ঢাকা বোর্ডের একটি সূত্র জানিয়েছে, এইচএসসি পরীক্ষার প্রথমপত্র এবং খাতা তৈরির কাজ সম্পন্ন। ম্যাট্রিকুলেশনের মাধ্যমে আশিগিরিই সারাদেশে পাঠানো শুরু হবে।

এবার ঢাকা বোর্ডে দেড় লাখ, রাজশাহীতে ১ লাখ ৩৬ হাজার, ফশোর বোর্ডে ৭০ হাজার, কুমিল্লা বোর্ডে ৫০ হাজার, চট্টগ্রাম বোর্ডে ৪৩ হাজার, বরিশালে ৩১ হাজার এবং সিলেট বোর্ডে ১৯ হাজার জন পরীক্ষায় অংশ নিচ্ছে।

গত বছর ঢাকা বোর্ডে ১ লাখ ২৯ হাজার ১৭৯, রাজশাহীতে ১ লাখ ৪ হাজার ৩৯৪, ফশোর

বোর্ডে ৮০ হাজার ৫৩৫, কুমিল্লা বোর্ডে ৪৬ হাজার ৫৭৩ জন, চট্টগ্রাম বোর্ডে ৩৭ হাজার ৭৬৪, বরিশালে ২৪ হাজার ৫৯৯ এবং সিলেট বোর্ডে ১৭ হাজার ২০৪ জন পরীক্ষার্থী ছিল।

এইচএসসিতে যথারীতি বিজ্ঞান, মানবিক এবং বিজ্ঞানস্টাভিত্তিক বিভাগে বিভক্ত হয়ে শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নেবে। মাদ্রাসা বোর্ডের শিক্ষার্থীরা সাধারণ (মানবিক) এবং বিজ্ঞান এবং কারিগরি বোর্ডের শিক্ষার্থীরা বিএম জেওকেশনাল ও ডিপ্লোমা-ইন-কমার্স এসব শাখার হয়ে পরীক্ষা দেবে। বিদেশের ৫টি কেন্দ্রসহ মোট ১ হাজার ৪৯৯ কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিদেশের কেন্দ্রগুলোর পরীক্ষা নেবে ঢাকা বোর্ড। কেন্দ্রগুলোর সবগুলোই মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে অবস্থিত।

এছাড়া ঢাকা বোর্ডের ২৫৯টি, রাজশাহী বোর্ডে ২৭৩, ফশোরে ১৪৯, কুমিল্লায় ১৪৫, চট্টগ্রামে ৮২, বরিশালে ৮৩ ও সিলেটে ৫৭টি কেন্দ্রে পরীক্ষা হবে। মাদ্রাসা শিক্ষা বোর্ড কেন্দ্র সংখ্যা জানাতে পারেনি। কারিগরি বোর্ডের অধীনে ৪৫১টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।